# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/Standing-1/২০১৮/ তারিখঃ 02/12/2018

"নোটিশ"

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সম্মানীত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ০৯/১২/২০১৮ ইং তারিখ রোজ রবিবার সকাল ১০:০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে ।

উক্ত সভায় সম্মানীত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয়সমূহঃ-

১) বিগত সভার কার্য বিবরনী পাঠ ও বিতরন।

২) দরিদ্র মানুষ বিশেষত দরিদ্র নারী, শিশু ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আয় বর্ধক কর্মসূচী ও শিক্ষা কার্যক্রম গ্রহণ করা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৩) বিবিধ।

02-12-2018

(সঞ্জয় কুমার মজুমদার)<br>
৬নং ওয়ার্ড কাউন্সিলর<br>
ও<br>
সভাপতি<br>
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়কঅতিরিক্ত স্থায়ী কমিটি<br>
কোটালীপাড়া পৌরসভা<br>
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

প্রাপকঃ জনাব-------------------------------

-------------------------------

সদস্য/ সদস্য-সচিব<br>
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি<br>
কোটালীপাড়া পৌরসভা<br>
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া , গোপালগঞ্জ।<br>
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।<br>
৩। নির্বহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।<br>
৪। সংশিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com


## দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি এর সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ ০৯/১২/২০১৮ ইং    সময় ঃ সকাল ১০টা

| ক্রঃ নং | নাম | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | সঞ্জয় কুমার মজুমদার | সভাপতি | ০৯/১২/১৮ |
| ০২ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | সদস্য | ০৯/১২/১৮ |
| ০৩ | সালেহা বেগম | সদস্য | ০৯/১২/১৮ |
| ০৪ | রুবিয়া বেগম | সদস্য | রুবিয়া ০৯/১২/১৮ |
| ০৫ | মো: আলম গাজী | সদস্য | ০৯/১২/১৮ |
| ০৬ | সরদার মাহবুবুর রহমান | সদস্য | ০৯/১২/১৮ |
| ০৭ | কাজী হাফিজা | সদস্য | হাফিজা ০৯/১২/১৮ |
| ০৮ | বাবুল শিকদার | সদস্য | বাবুল ০৯/১২/১৮ |
| ০৯ | আবু সাইদ খান | সদস্য- সচিব | ০৯/১২/১৮ |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

## কোটালীপাড়া, গোপালগঞ্জ।

### দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরনী

সভাপতি ঃ জনাব সঞ্জয় কুমার মজুমদার, কাউন্সিলর ০৬ নং ওয়ার্ড, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া।
স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ ঃ ০৯/১২/২০১৮ খ্রিঃ।
রোজ ঃ রবিবার।
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম (সর্ব জনাব) স্বাক্ষর ক্রমানুসারে

| ক্র: নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | মেয়র, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |
| ০২ | জনাব সালেহা খানম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-২, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |
| ০৩ | জনাব রুবিয়া বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |
| ০৪ | জনাব মো: আলম গাজী | কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |
| ০৫ | জনাব সরদার মাহবুবুর রহমান | নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |
| ০৬ | জনাব কাজী হাফিজা | দরিদ্র শ্রেনীর প্রতিনিধি, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |
| ০৭ | জনাব বাবুল শিকদার | দরিদ্র শ্রেনীর প্রতিনিধি, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |
| ০৮ | জনাব আবু সাইদ খান | ভার: বস্তি উন্নয়ন কর্মকর্তা, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া। |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন সঞ্জয় কুমার মজুমদার, কাউন্সিলার ০৬নং ওয়ার্ড, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি সাহেব উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারী বৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন | সভার কার্য বিবরনী পাঠ করা হলো এবং কার্যবিবরনী বিতরন করা হলো। | কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। |
| ০২ | দরিদ্র মানুষ বিশেষত দরিদ্র নারী, শিশু ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আয় বর্ধক কর্মসূচী ও শিক্ষা কার্যক্রম গ্রহণ করা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্য জনাব কাজী হাফিজা বলেন - কোটালীপাড়া পৌর এলাকায় বহু হত দরিদ্র পরিবার আছে যারা আর্থিক ভাবে অস্বচ্ছল এমনকি মৌলিক চাহিদাটুকু থেকেও তারা বঞ্চিত। অত্র পরিবারের আগ্রহী নারীদেরকে বর্তমান সময়ের চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন প্রকার আয়বর্ধক প্রশিক্ষণ যেমন- নকসি কাথা তৈরী প্রশিক্ষণ, সেলাই প্রশিক্ষণ, মাসরুম চাষ প্রশিক্ষণ, হাঁস-মুরগী/ গরু-ছাগল পালন প্রশিক্ষণ, মাছ চাষ প্রশিক্ষণ, শিক্ষিত নারীদেরকে কম্পিউটার প্রশিক্ষণ, আউটসোর্সিং প্রশিক্ষণ দেয়া যেতে পারে। এই প্রশিক্ষণ গ্রহণ করার ফলে তারা পরিবারে অর্থনৈতিকভাবে সহযোগীতা করাতে পারবে। এ সকল পরিবারের দিকে তাকালে আরো দেখা যায় শিশু সন্তান দারিদ্রতার অভাবে প্রাথমিক শিক্ষার গন্ডি পার না হতেই কায়িক শ্রমে ঝুকে পড়ছে। কম পারিশ্রমিকে এ সকল কাজ অনেক ঝুকিপূর্ণ এবং মারাত্মক। দেশকে উন্নত ও সমৃদ্ধ করতে হলে প্রয়োজন শিশু শ্রম বন্ধ করা শিশু অধিকার নিশ্চিত করা। হত দরিদ্র পরিবারের শিশু এবং পথ শিশুদের উজ্জ্বল ভবিষ্যৎ সু-নিশ্চিত করার জন্য সঠিক কর্মপন্থা অবলম্বন করা অতি জরুরী। | দরিদ্র মানুষ বিশেষত দরিদ্র নারী, শিশু ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আয় বর্ধক কর্মসূচী ও শিক্ষা কার্যক্রম গ্রহণ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | প্রতিবন্ধি ব্যক্তিদেরকেও প্রশিক্ষণের আওতায় আনা অত্যন্ত জরুরী। | |
| ০৩ | বিবিধঃ | সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

(সঞ্জয় কুমার মজুমদার)
কাউন্সিলার ০৬নং ওয়ার্ড ও
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

১। প্রকল্প পরিচালক, UGIIP-III, LGED, লেভেল-৯, আগারগাঁও, ঢাকা ।

২। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

৩। জনাব........................................... সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

৪। ...........................................................................................

৫। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।